ফ্রি ফায়ারসহ ক্ষতিকর অনলাইন গেমস বন্ধের নির্দেশ বিটিআরসির

চেম্বার ডেস্ক:: বহুল আলোচিত পাবজি-ফ্রি ফায়ারের মতো ক্ষতিকর অনলাইন গেমস দেশে বন্ধ করতে নির্দেশনা দিয়েছে টেলিযোগাযোগ নিয়ন্ত্রক সংস্থা (বিটিআরসি)। এ ছাড়া টিকটক, বিগো লাইভ ও লাইকির মত অ্যাপসগুলো বন্ধ ও বাংলাদেশ থেকে লিঙ্ক সরিয়ে নেীয়ার জন্যও চিঠি দেয়া হবে।

বিটিআরসির ভাইস চেয়ারম্যান সুব্রত রায় মৈত্র এ তথ্য জানিয়েছেন।

তিনি বলেন, গতকাল মঙ্গলবার (২৪ আগস্ট) ডিপার্টমেন্ট অব টেলিকম (ডট)-কে এ নির্দেশনা দেীয়া হয়েছে। আমরা পাবজি, ফ্রি ফায়ার বন্ধের নির্দেশ দিয়েছি। কিন্তু টিকটক ও লাইকিসহ অন্যান্য ক্ষতিকর অ্যাপসগুলো বন্ধ করলেও ভিপিএন দিয়ে চালানো যায়। এসব বন্ধ করার মত সক্ষমতা আমাদের নেই। এই সব অ্যাপসের কর্তৃপক্ষের কাছে চিঠি দেয়া হবে।

এর আগে ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বার টিকটক, বিগো লাইভ, পাবজি, ফ্রি ফায়ার ও লাইকিসহ অনলাইনভিত্তিক ক্ষতিকর অ্যাপস বন্ধ বা অপসারণ সম্পর্কে হাইকোর্টের নির্দেশের বিষয়ে জাগো নিউজকে বলেছিলেন, ‘আগে তো হাইকোর্টের নির্দেশনা পাই, পত্রিকার নির্দেশনা নিয়ে তো আমরা বন্ধ করতে পারব না।’

তিনি বলেন, ‘নির্দেশ পেলে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) কাজ করবে। আদালতের নির্দেশ অমান্য করে এ দেশে তো কেউ আর চলতে পারবে না। আইন অমান্য করার কোনো সুযোগ নাই। আদালতের নির্দেশ পেলে বিটিআরসি পালন করবে।’

এগুলো আসলেই বন্ধ করা যায় কি-না, এমন প্রশ্নের জবাবে তিনি বলেন,

‘এই জায়গাগুলো তো আবার আদালত বোঝার কথা না। আমরা বন্ধ করে দিতে পারব। কিন্তু যারা ভিপিএন দিয়ে ব্যবহার করছে চায়, তারা ব্যবহার করতে পারবে। সেটা বন্ধ করার সক্ষমতা কারো নাই।’

এর আগে অনলাইন প্লাটফর্ম থেকে টিকটক, বিগো লাইভ, পাবজি, ফ্রি ফায়ার গেম ও লাইকিসহ এ ধরনের অনলাইনভিত্তিক ক্ষতিকর সব ধরনের অ্যাপ অপসারণ এবং লিংক অবিলম্বে বন্ধের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।